# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম যখন মুক্তাদীদেরকে সালাত শিক্ষা দিতে ইচ্ছা করবেন, তখন তার জন্য জায়েয আছে মুক্তাদীদের চেয়ে উঁচু জায়গায় সালাত আদায় করা

## ذِكْرُ جَوَازِ صَلَاةِ الْإِمَامِ عَلَى مَكَانٍ أَرْفَعَ مِنَ الْمَأْمُومِينَ إِذَا أَرَادَ تَعْلِيمَ الْقَوْمِ الصَّلَاةَ

আরবী

2139 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفٍ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ قَالَ: حَدَّثَنِي أَبُو حَازِمٍ: أَنَّ رِجَالًا أَتَوْا سَهْلَ بْنَ سَعْدٍ وَقَدِ امْتَرَوْا فِي الْمِنْبَرِ: مِمَّ عُودُهُ؟ فَسَأَلُوهُ عَنْ ذَلِكَ فَقَالَ: وَاللَّهِ لَأَعْرِفُ مِمَّ هُوَ؟ وَلَقَدْ رَأَيْتُ أَوَّلَ يَوْمٍ جَلَسَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْسَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى فُلَانَةَ ـ امْرَأَةٌ سَمَّاهَا سَهْلٌ ـ أَنْ مُرِي غُلَامَكِ النَّجَّارَ أَنْ يَعْمَلَ لِي أَعْوَادًا أَجْلِسُ عَلَيْهَا إِذَا كَلَّمْتُ النَّاسَ فَأَمَرَتْهُ فَعَمِلَهَا مِنْ طَرْفَاءِ الْغَابَةِ ثُمَّ جَاءَ بِهَا فَأَرْسَلَتْ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَ بِهَا فَوُضِعَتْ ها هنا ثُمَّ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى عَلَيْهَا وَكَبَّرَ وَهُوَ عَلَيْهَا وَرَكَعَ وَهُوَ عَلَيْهَا وَرَفَعَ وَهُوَ عَلَيْهَا وَتَوَلَّى الْقَهْقَرِيَ فَسَجَدَ وَرَقَى عَلَى الْمِنْبَرِ ثُمَّ عَادَ فَلَمَّا فَرَغَ أَقْبَلَ عَلَى النَّاسِ فَقَالَ: (يَا أَيُّهَا النَّاسُ إِنَّمَا صَنَعْتُ هَذَا لِتَأْتَمُّوا وَلِتَعَلَّمُوا صَلَاتِي)

الراوي : أَبُو مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2139 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صفة الصلاة)) (ص 81).

বাংলা

২১৩৯. আবূ হাযিম থেকে বর্ণিত, তিনি বলেন, “কিছু লোক সাহল বিন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে আসেন, এমন অবস্থায় যে, তারা তর্কে লিপ্ত হয়েছিল এই বিষয়ে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মিম্বার

কিসের তৈরি ছিল? অতঃপর তারা তাঁকে এই বিষয়ে জিজ্ঞেস করেন, তিনি জবাবে বলেন, “আল্লাহর কসম, নিশ্চয়ই আমি জানি, সেটার কীসের তৈরি ছিল। আমি দেখেছি যেদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথম তার উপর আরোহন করেন। (মিম্বার তৈরির ইতিহাস হলো) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার ওমুক মহিলা (অধঃস্তন রাবী বলেন, সাহল বিন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহু সেই মহিলার নাম বলেছিলেন) কাছে সংবাদ পাঠান এই মর্মে, “আপনি আপনার কাঠমিস্ত্রি গোলামকে আদেশ করুন যেন সে আমার জন্য কিছু কাঠ (মিম্বার) তৈরি করে, যাতে তার উপর বসে মানুষের সাথে কথা বলতে পারি।” অতঃপর সেই মহিলা তার গোলামকে তা-ই নির্দেশ করেন। অতঃপর সে গোলাম ঝাউ গাছ দ্বারা তা তৈরি করে তার কাছে নিয়ে আসেন। তারপর সেই মহিলা তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে পাঠিয়ে দেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেটা মাসজিদে স্থাপন করার নির্দেশ দেন। ফলে তা এখানে স্থাপন করা হয়।

তারপর আমি দেখেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার উপর তার উপর সালাত আদায় করেছেন, তার উপর থাকা অবস্থায় তাকবীর দিয়েছেন, রুকূ‘ করেছেন, রুকূ‘ থেকে মাথা উত্তোলন করেছেন এবং কিছুটা পিছে এসে সাজদা করেছেন। তারপর আবার মিম্বারের উপর আরোহন করেছেন তারপর আবার এমনটাই করেছেন। অতঃপর যখন সালাত শেষ করেন, তখন তিনি মানুষের মুখোমুখি হন এবং বলেন, “হে লোকসকল, নিশ্চয়ই আমি এটা করেছি, যাতে তোমরা আমার অনুসরণ করতে পারে এবং আমার এই সালাত শিখে নিতে পারো।”[1]

## ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৯১৭; সহীহ মুসলিম: ৫৪৪; আবূ দাউদ: ১০৮০; নাসাঈ: ২/৫৭; সুনান বাইহাকী: ৩/১০৮; তাবারানী: ৫৯৯২; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৩৮; হুমাইদী: ৯২৬; মুসনাদ আহমাদ: ৫/৩৩৯; ইবনু মাজাহ: ১৪১৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৭৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সিফাতুস সালাহ: ৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হাযিম ইবনু দ্বীনার (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91457

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন